

রাকসুর তফসিল ঘোষণা ২৮ জুলাই

নিজস্ব প্রতিবেদক



সংযুক্ত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের
জন্য আগামী ২৮ জুলাই তফসিল ঘোষণা করা হবে।

বুধবার (২৩ জুলাই) রাকসু নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার
প্রফেসর ড. মো. আমজাদ হোসেন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য
জানানো হয়।

এতে বলা হয়, রাকসু নির্বাচন কমিশন ২০২৫-এর সিদ্ধান্তক্রমে
রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) নির্বাচনী
তফসিল আগামী ২৮ জুলাই (সোমবার) বিকেল ৩টায় সিনেট
ভবনে ঘোষণা করা হবে। রাবির ওয়েবসাইটে ওই ঘোষণার পরে
তফসিল পাওয়া যাবে।